



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

নং- ১২৭/ইংলিশ/১৫০৭

তারিখ : ৫/৪/১৬

রেজিস্ট্রেশন আর্টিফিকেট

প্রত্যয়ন করা যাচ্ছে, *Aurora International School*, ঠিকানা- বাড়ি # ৩/এ, সড়ক # ৭৪/৭২, গুলশান-২, ঢাকা, “রেজিস্ট্রেশন অব প্রাইভেট স্কুল’স অর্ডিন্যান্স, ১৯৬২ (Ordinance No. xx of 1962) প্রদত্ত ক্ষমতাবলে প্রনীত বেসরকারি (ইংরেজি মাধ্যম) বিদ্যালয় নিবন্ধন বিধিমালা ২০০৭ (এস.আর.ও. নং- ২৫৯-আইন/২০০৭)-এর ৩(৩)নং বিধান অনুযায়ী বিদ্যালয়টিকে সাময়িক নিবন্ধন প্রদান করা হলো। বিধিমালায় উল্লেখিত শর্তসমূহ ছাড়াও নিম্নবর্ণিত শর্তসমূহ পালন করতে হবে।

শর্তসমূহ

- ১। বিদ্যালয়ের ০১/০১/২০১৬ হতে ৩১/১২/২০১৭ তারিখ পর্যন্ত ২ (দুই) বছরের জন্য নিবন্ধন প্রদান করা হলো।
- ২। বিদ্যালয়ের সংরক্ষিত তহবিলে ৩,০০,০০০/- (তিন লক্ষ মাত্র) এবং সাধারণ তহবিলে ১,০০,০০০/- (এক লক্ষ মাত্র) টাকা জমা রাখতে হবে। সংরক্ষিত তহবিলের টাকা স্থায়ী আমানত/সঞ্চয়পত্র হিসাবে জমা করতে হবে। রেজিস্ট্রেশন কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত সংরক্ষিত তহবিলের টাকা ভাগানো বা উত্তোলন করা যাবে না।
- ৩। বিদ্যালয়ে শিক্ষক-কর্মচারী নিয়োগের ক্ষেত্রে দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি দিতে হবে এবং শিক্ষক-কর্মচারী নিয়োগের উদ্দেশ্যে প্রার্থী নির্বাচনের জন্য গঠিত বোর্ডে রেজিস্ট্রেশন কর্তৃপক্ষের একজন প্রতিনিধি থাকবে।
- ৪। বিদ্যালয় শাখা/কলেজ শাখা/অডিট শাখা কর্তৃক বার্ষিক অডিট করতে হবে।
- ৫। প্রতি আর্থিক বছরে আয়-ব্যয়ের হিসাব দাখিল করতে হবে।
- ৬। বেসরকারী (ইংরেজী মাধ্যম) বিদ্যালয় নিবন্ধন বিধিমালা, ২০০৭ এর ৭নং বিধি মোতাবেক বিদ্যালয়ের জন্য ম্যানেজিং কমিটি গঠন পূর্বক বোর্ড থেকে অনুমোদন নিতে হবে।
- ৭। ভাড়া বাড়িতে বিদ্যালয় প্রতিষ্ঠা করলে কমপক্ষে ৫ বছরের জন্য ভাড়ার চুক্তিনামা থাকতে হবে।
- ৮। সাময়িক নিবন্ধনের মেয়াদ অতিক্রান্ত হওয়ার অনূন্য ৬০ (ষাট) দিন পূর্বে ১৬,০০০/- (ষোল হাজার) টাকা জমাদান পূর্বক নিবন্ধনের জন্য আবেদন করতে হবে।

চেয়ারম্যানের আদেশক্রমে

স্বাঃ

এ.টি.এম. মইনুল হোসেন

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

প্রাপক : অধ্যক্ষ

Aurora International School

বাড়ি # ৩/এ, সড়ক # ৭৪/৭২,

গুলশান-২, ঢাকা।

মেমো নং- ১৫০৭

তারিখ : ৫/৪/১৬

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৩। পরিচালক/প্রতিষ্ঠাতা, *Aurora International School*
- ৪। পিএস-টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৫। অফিস কপি।

০৫.০৭.১৬

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

০৫/০৪/১৬